দৈনিক খবর

তারিখ 07 DEC 1991
পৃষ্ঠা ১ কলাম ২

১/
103

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ৪০ দিন পর আজ ক্লাস

।।স্টাফ রিপোর্টার।।

৪০ দিন পর আজ শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু হবে। সকাল আটটা থেকে বিকেল ৫টা পর্যন্ত নির্ধারিত ক্লাসসমূহ অনুষ্ঠিত হবে।

গত ২৭শে অক্টোবর ঢাকা

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## ৪০ দিন পর

প্রথম পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয়ে দু'দল অস্ত্রধারীর মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষে ২ জন ছাত্রসহ মোট ৪ জন নিহত হলে কর্তৃপক্ষ প্রথমে তিনদিন ও পরে আরো আটদিন ক্লাস ও পরীক্ষা বন্ধ ঘোষণা করে। অপরদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ছাত্র-শিক্ষক-কর্মচারীদের জীবনের নিরাপত্তার জন্য ও সন্ত্রাস বন্ধের দাবীতে ৩৪ দিন কর্মবিরতি পালন করে।

২৭শে অক্টোবর সংঘর্ষের পর শিক্ষক সমিতি এক সভায় সিদ্ধান্ত নেয় যে, ২রা নভেম্বরের মধ্যে সন্ত্রাস বন্ধে কার্যকর কোন পদক্ষেপ গ্রহণে সরকার ব্যর্থ হলে বিশ্ববিদ্যালয় শিক্ষকরা কর্মবিরতি পালন করবে। গত ২রা নভেম্বর কর্মবিরতি শুরু করলেও শিক্ষক সমিতির এক জরুরী সভায় ৫ই নভেম্বর সিদ্ধান্ত গৃহীত হয় তারা পরীক্ষাসমূহকে কর্মবিরতির বাইরে রাখছেন। একটানা কড়া পুলিশী প্রহরার মধ্যে গত ৪০ দিন পরীক্ষাসমূহ অনুষ্ঠিত হয়েছে।

পরে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি স্বরাষ্ট্র ও শিক্ষামন্ত্রীর সাথে আলাদা আলাদা বৈঠক করার পর ও বিশ্ববিদ্যালয় পরিস্থিতি সেশন জটের কথা চিন্তা করে কর্মবিরতি প্রত্যাহারের সিদ্ধান্ত নেয়। এদিকে গত ৪০ দিন বিশ্ববিদ্যালয় কার্যতঃ খোলা থাকলেও কোন ক্লাস অনুষ্ঠিত হয়নি। প্রতিদিনই কিছু না কিছু অঘটন ঘটেছে। প্রতিরাতে না হলেও প্রায়ই রাতের আঁধারে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষিপ্ত কিছু গোলাগুলী হয়েছে।

সন্ত্রাস বন্ধ ও সন্ত্রাসীদের গ্রেফতারের ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোস্ট কমিটি গত বৃহস্পতিবার পুলিশকে পুরোপুরি স্বাধীনতা দিয়েছে। ক্যাম্পাসে বা হলে কোন অস্ত্রধারীকে পুলিশ গ্রেফতার করলে কর্তৃপক্ষ তার ব্যাপারে কোন সুপারিশ করবে না। এছাড়া পুলিশ পূর্ব অনুমতি ছাড়াই যে কোন হলে তল্লাশী অভিযান চালাতে পারবে।